

এক লাখ দক্ষ ড্রাইভার তৈরির লক্ষ্যে বিএমইটি'র সাথে এসইআইপি এর সমঝোতা স্মারক স্বাক্ষর

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখ বিকাল ০২.০০ ঘটিকায় ১ লাখ দক্ষ ড্রাইভার তৈরির লক্ষ্যে 'মটর ড্রাইভিং এন্ড বেসিক মেনটেইনেন্স' শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রমের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর সাথে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্কীল ফর এমপ্লয়মেন্ট এনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) প্রকল্পের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা (এসডিজি) এর মূখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র উপস্থিতিতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর মহাপরিচালক মোঃ সেলিম রেজা ও জাতীয় প্রকল্প পরিচালক আব্দুল রউফ তালুকদার সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সরকার ১ লাখ দক্ষ ড্রাইভার তৈরির লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের আওতাধীন এসইআইপি প্রকল্পের আর্থিক সহায়তায় বিএমইটি এবং বিআরটিসি'র মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। জানুয়ারি ২০১৮ সাল থেকে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর অধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সমূহের মাধ্যমে ৩৩ হাজার দক্ষ ড্রাইভার তৈরির লক্ষ্যে এ প্রশিক্ষণ কার্যক্রম চালু হয়। ২০২০ সালের মধ্যে ৬১টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৩৩ হাজার দক্ষ ড্রাইভার তৈরির প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হবে। ইতোমধ্যে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাস্টার ড্রাইভার ইন্সট্রাকটর (টিওটি) প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়। উল্লেখ্য, এই প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনার লক্ষ্যে একটি নতুন কারিকুলাম তৈরি করা হয় যার অন্যতম লক্ষ্য তাত্ত্বিক জ্ঞানের চেয়ে ব্যবহারিক জ্ঞানের উপর গুরুত্ব আরোপ করা। চার মাস (৩৬০ ঘন্টা) ব্যাপী এই প্রশিক্ষণ কার্যক্রমে ড্রাইভিং প্রশিক্ষণ, মেকানিক্যাল ও ভাষা শিক্ষা (ইংরেজি ও আরবী) প্রদান করা হবে। এই প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। প্রশিক্ষণার্থীরা সফলভাবে প্রশিক্ষণ শেষ করার মাধ্যমে পেশাদারি হালকা যানবাহন ড্রাইভিং লাইসেন্স প্রদান করা হবে। তবে প্রশিক্ষণ কার্যক্রম শুরুতে লারগার লাইসেন্স প্রদান করা হবে। সমঝোতা স্মারক স্বাক্ষরকালে প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের, এসইআইপি প্রকল্প, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বিএমইটি'র উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

